

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫১৩

১/ বিবিধ

আরবী

غسل الإناء وطهارة الفناء، يورثان الغنى

موضوع

رواه الخطيب (92 / 12) والسلفي في "الطيوريات" (2 / 105) عن علي بن محمد الزهري: حدثنا أبو يعلى الموصلي بإسناده عن أنس مرفوعا. وقال الخطيب: "ولم أكتبه إلا عن الزهري هذا، وكان كذابا".

قلت: ولهذا أورده ابن الجوزي في "الموضوعات" (2 / 77) وأيده السيوطي في "اللآلي" (2 / 4) ، وتبعه ابن عراق في "تنزيه الشريعة" (1 / 228) فقال: "قلت: قال في "الميزان": هذا وضعه علي بن محمد الزهري على أبي يعلى". قلت: وأقره الحافظ في "اللسان"، فأعجب بعد هذا، كيف أورده السيوطي في "الجامع الصغير" من هذا الوجه الذي اعترف هو بوضعه

বাংলা

৫১৩। পাত্র ধৈত করা এবং আঙ্গিণা পরিষ্কার-পরিচ্ছন্ন করা স্বাবলম্বী করে।

হাদীছটি জাল।

এটি আল-খাতীব (১২/৯২) ও আস-সিলাফী "আত-তাউরিয়াত" (২/১০৫) গ্রন্থে আলী ইবনু মুহাম্মদ আয-যুহরী সূত্রে ... আনাস (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। আল-খাতীব বলেনঃ হাদীছটি একমাত্র আলী যুহরী হতেই লিখেছি। তিনি ছিলেন মিথ্যুক।

আমি (আলবানী) বলছিঃ এ জন্যই ইবনুল জাওয়ী “আল-মাওয়ূ‘আত” (২/৭৭) গ্রন্থে হাদীছটি উল্লেখ করেছেন। সুয়ূতী “আল-লাআলী” (৪২) গ্রন্থে তার মতকে সমর্থন করেছেন। ইবনু ইরাকও “তানযীছ শারীয়াহ” (১/২২৮) গ্রন্থে তার অনুসরণ করে বলেছেনঃ “আল-মীযান” গ্রন্থে বলা হয়েছে এ হাদীছটি আলী ইবনু মুহাম্মাদ আয-যুহরী আবু ইয়ালার উপর জাল করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাফিয ইবনু হাজার “আল-লিসান” গ্রন্থে তাকে সমর্থন করেছেন। আশ্চর্যের ব্যাপার এই যে, সুয়ূতী হাদীছটিকে জাল হিসাবে স্বীকার করার পরেও কিভাবে “আল-জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71392>

📖 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন